Mail Copy

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.cga.gov.bd

স্মারক নং- ০৭.০৩.০০০০.০০৯.৫০.১৩৩.১৪-২৮ তারিখঃ ১২-০২-২০২০ খ্রিঃ।

সিএজি কার্যালয়ের ২৩/১২/২০১৯খ্রি: তারিখের ১৭৮ নং স্মারকের মাধ্যমে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ২১/০৪/২০১৯ খ্রিঃ তারিখের ০৭.১৭২.০২২.০০.০০.০৬. ২০১০-৫৯ নং স্মারকের পত্রটি পাওয়া গিয়েছে। স্মারকে বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষে (বিডা) কর্মরত সাবেক বিনিয়োগ বোর্ডের ৬৮ (আটষট্টি) জন কর্মচারীর বেতন-ভাতাদিসহ অন্যান্য আর্থিক বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অর্থ মন্ত্রণালয়ের স্মারক এবং বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) কার্যালয়ের ০৭/১১/২০১৯খ্রি: তারিখের ৫৫৪ নং স্মারকদ্বয় আদিষ্ট হয়ে পৃষ্ঠাংকন করা হলো।

বরাবর,

১। সিএএফও/প্রধানমন্ত্রীর কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

২। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস-ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।

৩। ডিসিজিএ (সকল)।

৪। পিএটু-সিজিএ/অতিঃসিজিএ (প্রশাসন), অতিঃসিজিএ (হিসাব ও পদ্ধতি)।

৫। অফিস কপি/গার্ড ফাইল।

সংযুক্তি- ০২ (দুই) পাতা ।

[signature] ১২/০২/২০২০
কামরুননেছা
উপ হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি)
ফোনঃ ৯৩৫৬৫০১।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি-২ অধিশাখা
www.mof.gov.bd

নং- ০৭.১৭২.০২২.০০.০০.০৬.২০১০-৫৯

তারিখঃ ০৮ চৈত্র, ১৪২৫ বঙ্গাব্দ
২১ এপ্রিল, ২০১৯ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ** বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষে (বিডা) কর্মরত সাবেক বিনিয়োগ বোর্ডের কর্মচারীগণের বেতন-ভাতাদিসহ অন্যান্য আর্থিক বিষয়ে ব্যবস্থা গ্রহণ।

সূত্র: ০৩.০৮.২৬৮০.২৪৮.০২.০২২.১৭-১০২, তারিখ-২১/০৩/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষে কর্মরত সাবেক বিনিয়োগ বোর্ডের ৬৮ জন কর্মচারীর বেতন-ভাতাদিসহ অন্যান্য আর্থিক বিষয়ে অর্থ বিভাগের সিদ্ধান্ত নিম্নরূপ:

ক) বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষে (বিডা) কর্মরত সাবেক বিনিয়োগ বোর্ডের কর্মচারীগণ বিডায় প্রেষণে নিয়োজিত আছেন মর্মে গণ্য হবেন এবং বিডার বরাদ্দ থেকে বেতন-ভাতাদি গ্রহণ করবেন;

খ) সাবেক বিনিয়োগ বোর্ডের যেসব কর্মচারী অবসর/পিআরএল-এ আছেন বা অবসরে যাবেন তারা সরকারি কর্মচারী হিসেবে প্রাপ্য পেনশনসহ অন্যান্য আর্থিক সুবিধাদি সিএও, প্রধানমন্ত্রীর কার্যালয়ের মাধ্যমে প্রাপ্য হবেন; এবং

গ) উল্লিখিত সরকারি কর্মচারীগণের জিপিএফ চাঁদা, বিএফ, জিআই, কোন অগ্রিম গ্রহণ করে থাকলে অগ্রিমের কিস্তি, সরকারি বাসায় থাকলে বাসা ভাড়া ইত্যাদি প্রেষণে কর্মরত কর্মচারীদের ন্যায় নিয়মিত সংশ্লিষ্ট খাতে চালানের মাধ্যমে জমা প্রদান করবেন।

(মোঃ গোলাম মোস্তফা)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫১৪৪৮৭
ই-মেইল: gmostofa@finance.gov.bd

মুখ্য সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।

প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের দপ্তর
প্রধানমন্ত্রীর কার্যালয়

| | |
|---|---|
| সিনিয়র সচিব/সচিব | জরুরী ভিত্তিতে ব্যবস্থা নিন |
| প্রেস সচিব | জরুরী উপস্থাপন করুন |
| মহাপরিচালক, এসএসএফ | নথিকাভে উপস্থাপন করুন |
| প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১/২ | বর্তমান অবস্থা অবহিত করুন |
| মহাপরিচালক-জিআইইউ | বিধি মোতাবেক ব্যবস্থা নিন |
| মহাপরিচালক-১ ২ ৩ ৪ | প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| মহাপরিচালক-এসআরসিসি/নির্বাহী সেল | আলোচনা করুন |
| পরিচালক-প্রশাসন | ........ |
| পরিচালক- | মে প্রতিবেদন দিতে অনুরোধ করুন। |
| [illegible] | ........ |
| [illegible] | মে মতামত দিতে অনুরোধ করুন। |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ
এইচআরডি শাখা
প্লট নং-ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.bida.gov.bd

তারিখ: ২২ কার্তিক, ১৪২৬ বঙ্গাব্দ
০৭ নভেম্বর, ২০১৯ খ্রি:

স্মারক নং-০৩.০৮.২৬৮০.২৪৫.২৮.৩২৬.১৮- ৫৫৪

বিষয়: বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)-এ কর্মরত সাবেক বিনিয়োগ বোর্ডের কর্মচারীগণের বেতন-ভাতাদিসহ অন্যান্য আর্থিক বিষয়ে ব্যবস্থা গ্রহণ।

সূত্র: (১) বিডার অর্থ ও বাজেট শাখার ২১-০৩-২০১৯ খ্রি: তারিখের ০৩.০৮.২৬৮০.২৪৮.০২.০২২.১৭-১০২ নং পত্র।
(২) অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের গত ২১-০৪-২০১৯ খ্রি: তারিখের ০৭.১৭২.০২২.০০.০০.০৬.২০১০-৫৯ নং পত্র।
(৩) প্রধানমন্ত্রীর কার্যালয়ের গত ০২-০৫-২০১৯ খ্রি: তারিখের ০৩.০৮.২৬৯০.০৬৯.১৫.০১২.১৮-২৭২ নং পত্র।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে শিল্প অধিদপ্তর বিলুপ্ত করে বিনিয়োগ বোর্ড আইন-১৯৮৯ (আইন নং-১৭) এর মাধ্যমে প্রতিষ্ঠিত বিনিয়োগ বোর্ড এবং প্রাইভেটাইজেশন আইন-২০০০ দ্বারা প্রতিষ্ঠিত স্ব-শাসিত প্রতিষ্ঠান প্রাইভেটাইজেশন কমিশন একীভূত করে ২০১৬ সনের ৩৬ নং আইন দ্বারা "বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ" প্রতিষ্ঠিত হয় (সংলগ্নি-১)।

০২। সাবেক বিনিয়োগ বোর্ড প্রধানমন্ত্রীর কার্যালয়ের একটি অধিদপ্তর হিসেবে প্রি-অডিটের আওতাধীন ছিল। বিনিয়োগ বোর্ডে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতাদি, পেনশন, লাম্পগ্রান্ট, আনুতোষিকসহ সরকার ঘোষিত বিভিন্ন ধরনের সুবিধা প্রি-অডিট ব্যবস্থায় সিএও, প্রধানমন্ত্রীর কার্যালয়ের মাধ্যমে পরিশোধ করা হতো। সঙ্গত কারণে তাদের সকল আর্থিক রেকর্ড-পত্রাদি সিএও, প্রধানমন্ত্রীর কার্যালয়ে সংরক্ষিত আছে।

০৩। জুন, ২০১৮ হতে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় হতে কোন লিখিত নির্দেশনা না দিয়ে তাঁদের বেতন-ভাতাদি প্রদান বন্ধ করে দেওয়া হয়। এর প্রেক্ষিতে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষে কর্মরত সাবেক বিনিয়োগ বোর্ডের কর্মকর্তা ও কর্মচারীদের বেতন-ভাতাদিসহ আর্থিক বিষয় সিএও অফিসের মাধ্যমে পরিচালনা অব্যাহত রাখার নিমিত্ত গত ২১-০৩-২০১৯ খ্রি: তারিখে ০৩.০৮.২৬৮০.২৪৮.০২.০২২.১৭-১০২ নং স্মারকমূলে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ হতে প্রধানমন্ত্রীর কার্যালয়ে পত্র প্রেরণ করা হয় (সংলগ্নি-২)। তদপ্রেক্ষিতে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ গত ২১-০৪-২০১৯ খ্রি: তারিখের ০৭.১৭২.০২২.০০.০০.০৬.২০১০-৫৯ নং স্মারকমূলে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)-এ কর্মরত সাবেক বিনিয়োগ বোর্ডের কর্মকর্তা-কর্মচারীগণের বেতন-ভাতাদিসহ অন্যান্য আর্থিক বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করে প্রধানমন্ত্রীর কার্যালয় বরাবর পত্র প্রেরণ করে (সংলগ্নি-৩):

(ক) বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষে (বিডা) কর্মরত সাবেক বিনিয়োগ বোর্ডের কর্মচারীগণ বিডায় প্রেষণে নিয়োজিত আছেন মর্মে গণ্য হবেন এবং বিডার বরাদ্দ থেকে বেতন-ভাতাদি গ্রহণ করবেন;

(খ) সাবেক বিনিয়োগ বোর্ডের যেসব কর্মচারী অবসর/পিআরএল-এ আছেন বা অবসরে যাবেন তা। সরকারি কর্মচারী হিসেবে প্রাপ্য পেনশনসহ অন্যান্য আর্থিক সুবিধাদি সিএও, প্রধানমন্ত্রীর কার্যালয়ের মাধ্যমে প্রাপ্য হবেন; এবং

(গ) উল্লিখিত সরকারি কর্মচারীগণের জিপিএফ চাঁদা, বিএফ, জিআই, কোন অগ্রিম গ্রহণ করে থাকলে অগ্রিমের কিস্তি, সরকারি বাসায় থাকলে বাসা ভাড়া ইত্যাদি প্রেষণে কর্মরত কর্মচারীগের ন্যায় নিয়মিত সংশ্লিষ্ট খাতে চালানের মাধ্যমে জমা প্রদান করবেন।

০৪। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ কর্তৃক গৃহীত উপরোক্ত সিদ্ধান্তসমূহ সংবলিত সূত্রস্থ ২নং স্মারকের অনুলিপি বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ের মাধ্যমে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রধানমন্ত্রীর কার্যালয় ও বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়সমূহকে প্রেরণ না করায় সংশ্লিষ্ট কার্যালয়সমূহ এ বিষয়ে অবহিত হয়নি মর্মে জানা যায়। ফলে বিডায় কর্মরত সাবেক বিনিয়োগ বোর্ডের কর্মকর্তা/কর্মচারীগণ অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ কর্তৃক গৃহীত (গ) নং সিদ্ধান্তে বর্ণিত জিপিএফ চাঁদা, বিএফ, জিআই, অগ্রিমের কিস্তি, সরকারি বাসা ভাড়া ইত্যাদি চালানের মাধ্যমে জমাদান করতে পারছেন না।

০৫। এমতাবস্থায়, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষে কর্মরত সাবেক বিনিয়োগ বোর্ডের কর্মকর্তা ও কর্মচারীদের বেতন-ভাতাদিসহ অন্যান্য আর্থিক বিষয়ে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ কর্তৃক গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের নিমিত্ত সূত্রোক্ত (২) নং পত্রটি অর্থ বিভাগ কর্তৃক বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে প্রেরণের লক্ষ্যে অগ্রায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে পাতা।

০৭.১১.২০১৯
(মোঃ মোশাররফ হোসেন)
সচিব (অতিরিক্ত সচিব)
ফোন-৫৫০০৭২৩৬

প্রধানমন্ত্রীর মুখ্য সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
(দৃ:আ: পরিচালক-২)

অনুলিপি:
০১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
০২। নির্বাহী চেয়ারম্যানের একান্ত সচিব, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
(নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৩। অফিস কপি।

C:\Users\User\Desktop\MOF-FORWARDING-(ফাইনাল).docx